গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১১.১৬-৩৮৩ তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৬ / ২৪ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১২২৯৩/২০১৫ মামলার ১৫/০৫/২০১৭ তারিখের আদেশ আলোকে "পটুয়াখালী কৃষি ডিপ্লোমা ইন্সটিটিউট" প্রতিষ্ঠানটি এমপিওভুক্তকরণের বিষয়টি পুন: বিবেচনার জন্য আবেদন।

সূত্র: অধ্যক্ষ, পটুয়াখালী কৃষি ডিপ্লোমা ইন্সটিটিউট-এর স্মারক নং-প.কৃ.ডি:ই:কৃষি ওবিএম এমপিও৯/৬/১৯, তারিখ: ১৬/০৬/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন মাধপুর বন্দরস্থ "পটুয়াখালী কৃষি ডিপ্লোমা ইন্সটিটিউট" প্রতিষ্ঠানটি একাধিকবার আবেদন করার পরেও এমপিওভুক্ত হতে না পারায় উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২২৯৩/২০১৫ দায়ের করা হয়।

২। উক্ত রিট মামলার ১৫.০৫.২০১৭ তারিখের রায়/আদেশের অংশবিশেষ নিম্নরূপ:

"In view of above facts and circumstances of the case we our of the view that it will be fit and proper if we direct the respondents to dispose of the application of the petitioner dated 18.02.2010 (Annexure-C) and there by consider to enlist the petitioner's institution in the list of MPO.

Accordingly, Respondents are directed to dispose of the application of the petitioner dated 18.02.2010 (Annexure-C) within 30 (thirty) days of receipt of a copy of this judgment and consider to enlist the petitioner's institution in the list of MPO in accordance with law. With the above direction this Rule is disposed of"

৩। মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত বর্ণিত রায়ের প্রেক্ষিতে টিএমইডি কর্তৃক বিগত ০৩/০৫/১৮ খ্রি. তারিখের ১১৯ সংখ্যক স্মারকমূলে রিট পিটিশন নং-১২২৯৩/২০১৫ এর ১৫/০৫/১৭ খ্রি. তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী সরকার কর্তৃক বর্তমানে কোন শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার কার্যক্রম চালু না থাকায় পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন পটুয়াখালী কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট এমপিওভুক্ত করার সুযোগ নেই মর্মে পিটিশনারকে অবহিতক্রমে ১৮/০২/১০ খ্রি. তারিখের আবেদনটি নিষ্পত্তি করা হয়।

৪। উক্ত নিষ্পত্তিকরণ পত্রে সন্তুষ্ট না হয়ে পিটিশনার কর্তৃক বিজ্ঞ কৌসুলি মারফত TMED এর সচিব মহোদয় বরাবর উকিল নোটিশ প্রদান করা হয়। অত:পর বর্ণিত রিট মামলার রায়ের আলোকে নিষ্পত্তিকরণের বিষয়টি সংশ্লিষ্ট আদালতকে অবহিত করার জন্য DTE এর বিজ্ঞ কৌসুলির মাধ্যমে অবহিতকরণের লক্ষে গত ১৭/০২/১৯ খ্রি. তারিখের ১০২ সংখ্যক স্মারকমূলে DG, DTE কে অনুরোধ করা হয়।

৫। তদপ্রেক্ষিতে DTE কর্তৃক গত ১১/০৩/১৯ খ্রি. তারিখের ১৩০৪ সংখ্যক স্মারকমূলে রিট মামলার রায়ের আলোকে নিষ্পত্তিকরণের বিষয়টি সংশ্লিষ্ট আদালতকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য DTE এর বিজ্ঞ কৌসুলি জনাব মোহাম্মদ রাফিউল ইসলামকে পত্র দেয়া হয়।

৬। এছাড়া টিএমইডি হতে রিট পিটিশন নং-১২২৯৩/২০১৫ এর ১৫/০৫/১৭ খ্রি. তারিখের রায়/আদেশের আলোকে টিএমইডি কর্তক গৃহীত পদক্ষেপের তথ্যাদি সংশ্লিষ্ট আদালতকে অবহিতকরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ টিএমইডি-এর বিজ্ঞ প্যানেল আইনজীবী কাজী মাইনুল হাসান-কেও ১০/৪/১৯ তারিখে ২০২ সংখ্যক স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু উক্ত প্রত্রের উপর গৃহীত ব্যবস্থার তথ্য না পেয়ে পুনরায় তাগিদ পত্র প্রেরণে করা হয়েছে।

৭। উল্লেখ্য, বর্ণিত রিট মামলার রায়ের আলোকে নিষ্পত্তিকরণের বিষয়টি সংশ্লিষ্ট আদালতকে অবহিত না করায় কনটেম্পট পিটিশন নং-৬০/২০১৯ (রিট পিটিশন নং-১২২৯৩/২০১৫ হতে উদ্ভুত) মামলার উদ্ভব হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

৮। উক্ত কনটেম্পট মামলার ১২/০৫/২০১৯ তারিখের শুনানী শেষে নিম্নরুপ আদেশ প্রদান করা হয়-

"This is an application for personal appearance fo the contemnor-respondent. Let this application be kept with the record for the time being.

In the meantime, we are of the view that a remainder should be issued before taking any action against the contemnor-respondent for showing utter disregard and disobedience to this Division.

Accordingly, we direct the contemnor-respondent to implement the aforesaid judgment and order dated 15.05.2017 passed the High Court Division in Writ Petition No. 12293 of 2016 (Actually 12293 of 2015) within 7 (seven) days from the date of receipt of this order without any fail.

৯। কনটেম্পট মামলার উক্ত নির্দেশনার পর পিটিশনার কর্তৃক টিএমইডি তথা শিক্ষা মন্ত্রণালয়ে দাখিলকৃত ১৮/০২/১০ খ্রি. তারিখের আবেদনের উপর টিএমইডি কর্তৃক (আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে) গৃহীত ব্যবস্থাদির তথ্য মহামান্য কনটেম্পট আদালতকে অবহিতকরণের বিষয়ে ডিটিই এর বিজ্ঞ কৌসুলী কর্তৃক গৃহীত ব্যবস্থাদির তথ্যাদি জানানোর জন্য ডিটিই বরারব পুনরায় ২৩/৬/২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়।

চলমান পাতা-০২

১০। ইতোমধ্যে পিটিশনার কর্তৃক রিট পিটিশন নং-১২২৯৩/২০১৫ মামলার রায়ের আলোকে বর্ণিত প্রতিষ্ঠানটির এমপিও প্রদানের বিষয়টি পুনরায় বিবেচনার জন্য উক্ত প্রতিষ্ঠানের বিগত ০৪ বছরের কৃষি ডিপ্লোমা পরীক্ষার ফলাফলের চিত্রসহ আবেদন করেছেন। উক্ত প্রতিষ্ঠানটি বরিশাল বিভাগের মধ্যে এ্যাফিলিয়েশন সর্বাপেক্ষা পুরানো ও ফলাফল সকল প্রতিষ্ঠানের শীর্ষে মর্মে আবেদনের সাথে সংযুক্ত পত্রে উল্লেখ করা হয়েছে।

১১। এক্ষণে নিম্মোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো-

(ক) রিট পিটিশন নং-১২২৯৩/২০১৫ মামলায় প্রদত্ত ১৫/০৫/১৭ খ্রি. তারিখের রায়/আদেশের আলোকে পিটিশনার কর্তৃক টিএমইডি তথা শিক্ষা মন্ত্রণালয়ে দাখিলকৃত ১৮/০২/১০ খ্রি. তারিখের আবেদনের উপর টিএমইডি কর্তৃক (আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে) গৃহীত ব্যবস্থাদির তথ্য মহামান্য কনটেম্পট আদালতকে অবহিতকরণের বিষয়ে ডিটিই এর বিজ্ঞ কৌসুলী কর্তৃক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি আগামী ৩০/৭/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-তে প্রেরণ করা;

(খ) বর্তমানে যেহেতু প্রতিষ্ঠান এমপিওভুক্তির যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে সেহেতু যদি বর্ণিত প্রতিষ্ঠানটির পক্ষে অনলাইনে আবেদন দাখিল করা হয়ে থাকে এবং এমপিওভুক্তির জন্য বিদ্যমান নীতিমালার প্রযোজ্য শর্তসমূহ পূরণ থাকে তাহলে উক্ত প্রতিষ্ঠানটি (পটুয়াখালী কৃষি ডিপ্লোমা ইন্সটিটিউট) নিয়মতান্ত্রিকভাবে এমপিওভুক্তির সুযোগ পাবে মর্মে নিষ্পত্তি পত্রে উল্লেখপূর্বক উক্ত নিষ্পত্তি পত্র সংশ্লিষ্ট কনটেম্পট আদালতে দাখিল করা;

২৪/৭/১৯

মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অধ্যক্ষ, পটুয়াখালী কৃষি ডিপ্লোমা ইন্সটিটিউট, ডাকঘর- মাধবপুর, উপজেলা- বাউফল, জেলা- পটুয়াখালী।
৬। অফিস কপি/মাস্টার কপি।